

যুগান্তর

MAR 07 2002

MAR. 06 2002

MAR. 05 2002

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

ভাল ইংরেজি লেখা ও বলা শিখতে হবে : রাষ্ট্রপতি

যুগান্তর রিপোর্ট

রাষ্ট্রপতি ডা. এফিউএম বদরুদ্দোজা চৌধুরী ভাল ইংরেজি বলা, লেখা ও শেখার ওপর গুরুত্বারোপ করে বলেছেন : এ ভাষা শেখার মাধ্যমে বিশ্বের প্রায় সব দেশের কালচার সম্পর্কে যেমন জানা যাবে, তেমনি দেশের ব্যবসা-বাণিজ্যেরও প্রসার ঘটানো সম্ভব হবে। গতকাল মঙ্গলবার ব্রিটিশ কাউন্সিল আয়োজিত চার দিনব্যাপী ইংলিশ ল্যাংগুয়েজ রিসোর্সেস ফেয়ার ২০০২-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। ঢাকার ফুলার রোডের ব্রিটিশ কাউন্সিল প্রাঙ্গণে এ মেলা শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট গিবসন, ব্রিটিশ কাউন্সিলের বাংলাদেশ পরিচালক কার্ল রয়টার, কাউন্সিলের টিচিং সেন্টার ম্যানেজার মার্ক ব্যাথেলসো এবং রাষ্ট্রপতি : পৃষ্ঠা : ২ কলাম : ১

রাষ্ট্রপতি : ইংরেজি

(৩য় পৃষ্ঠার পর)

রাজধানীর দুটো কুলের দুই প্রধান শিক্ষক। রাষ্ট্রপতি আরও বলেন, সারা বিশ্বে আজ ইংরেজি তথা আদান-প্রদান এবং ভাব বিনিময়ের প্রধান ভাষা হিসাবে প্রতিষ্ঠিত। জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে ইংরেজির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। তিনি বাংলাদেশের উদ্বাহরণ টেনে বলেন, বাংলাদেশীদের অনেকেই এখন দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজিতে কথা বলছেন। কিন্তু দুঃখজনক হলেও সত্য, আমাদের দেশে এ ভাষা শিক্ষার মানের যথেষ্ট অবনতি হয়েছে। এ অবস্থার পরিবর্তন করতে হবে। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে আরও পরিচিত করতে তিনি ইংরেজি শেখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, ব্রিটিশ কাউন্সিল এবং বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে এখানকার বিদ্যালয়গুলোর শিক্ষকদের ইংরেজি শেখার জন্য পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে। তিনি ব্রিটিশ কাউন্সিল আয়োজিত এ ভাষা মেলার প্রশংসা করে বলেন, এ মেলার মাধ্যমে এদেশে ইংরেজি শেখার এবং এর প্রয়োজনীয়তা সম্পর্কে সাধারণ মানুষ জানতে পারবে। বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ ভারপ্রাপ্ত হাইকমিশনার রবার্ট গিবসন বলেন, তার হিসাবে এদেশের শতকরা ১৫ থেকে ২০ ভাগ মানুষ ইংরেজি ভাষা জানে। এ হার আরও বাড়ানো দরকার বলে তিনি উল্লেখ করেন।